

স্মারক নম্বর: ০৫.০১.১৫৪১.০৬২.২৫.০১৮.২৩.৪০

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০

১৪ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়: “Workshop on Localization of Sustainable Development Goals (SDGs)” এ অংশগ্রহণের জন্য মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক প্রণীত প্রশিক্ষণ কর্মসূচী ২০২৩-২০২৪ অনুযায়ী চট্টগ্রাম ও সিলেট বিভাগাধীন গ্রেড-৯ হতে তদুর্ধ্ব পর্যায়ের কর্মচারীদের জন্য “Workshop on Localization of Sustainable Development Goals (SDGs)” শীর্ষক একদিনের কর্মশালা আগামী ২৩ অক্টোবর, ২০২৩খ্রি. তারিখ এ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

২। কেন্দ্রের অনুষদ সদস্যবৃন্দের পাশাপাশি দক্ষ ও অভিজ্ঞ অতিথি বক্তাগণ মূল প্রবন্ধ উপস্থাপক ও আলোচক হিসেবে উক্ত কর্মশালায় দায়িত্ব পালন করবেন।

৩। মনোনয়ন প্রদানের ক্ষেত্রে কর্মশালার কার্যকারিতা ও প্রায়োগিক দিক বিবেচনায় রেখে অপেক্ষাকৃত নবীন কর্মচারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। মনোনয়ন পত্রে মনোনয়ন প্রদানকারী কর্মচারীর টেলিফোন, ফ্যাক্স নম্বর ও ই-মেইল আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৪। কর্মশালায় মনোনীত অংশগ্রহণকারীর কর্মশালা শুরু হওয়ার দিন মনোনয়নের কপি, অবমুক্তির আদেশ এবং পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবিসহ সকাল ০৯:০০ টায় আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, আসকার দীঘির পশ্চিম পাড়, ১০, এস. এস. খালেদ রোড, চট্টগ্রাম-৪০০০ রিপোর্ট করতে হবে। কর্মশালা শুরুর নির্ধারিত সময়ের পরে যোগদান পত্র গ্রহণ করা হবে না।

৫। অংশগ্রহণার্থীগণকে এ কেন্দ্র থেকে সরকার কর্তৃক প্রবর্তিত হারে কর্মশালা ভাতা প্রদানের ব্যবস্থা রয়েছে।

৬। করোনো ভাইসরাস (কোভিড-১৯) প্রতিরোধী টিকা গ্রহণকারী কর্মচারীদের মনোনয়ন প্রদানের জন্য মনোনয়ন প্রদানকারী প্রতিষ্ঠানকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে (টিকা গ্রহণের প্রমাণ পত্র অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশনের সময় উপস্থাপন করতে হবে)।

৭। এমতাবস্থায়, বিষয়োক্ত কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত মহোদয়ের নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম ও সিলেট বিভাগের দপ্তরসমূহ হতে ০১ (এক) জন কর্মচারীর (পুরুষ/মহিলা) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

৮। আগ্রহী দপ্তর সমূহ কে তাঁদের প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত কর্মচারীদের অংশগ্রহণকারী হিসেবে নামের মনোনয়ন তালিকা বা কর্মশালায় অংশগ্রহণকারী কর্তৃক নিজের দপ্তর হতে মনোনয়ন প্রাপ্তির চিঠি নিম্ন প্রদত্ত ই-মেইল যোগে আরপিএটিসি, চট্টগ্রামে কর্মশালা শুরুর দু’দিন পূর্বেই আবশ্যিকভাবে ই-নথি/ই-মেইলে প্রেরণ করতে হবে অথবা রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। অন্যথায় কর্মশালায় অংশগ্রহণ করা যাবে না।

ই-মেইল- ddrpatcctg@gmail.com

যোগাযোগ: ০১৭৫১-৯০৬০৮৫ (প্রশিক্ষণ সহকারী)।

০৯। মনোনয়ন প্রাপ্ত অংশগ্রহণকারীগণকে নিম্নোক্ত ওয়েব লিংকে প্রবেশপূর্বক অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

**Link:** [http://erp.bpatc.org.bd/bpatc\\_registration/rpatc\\_add\\_new.php](http://erp.bpatc.org.bd/bpatc_registration/rpatc_add_new.php) অনলাইন রেজিস্ট্রেশন বিষয়ক যেকোন প্রয়োজনে জনাব মো: সাইফুল ইসলাম, ক্যাটালগার (মোবাইল নং- 01719-107794) এর সাথে যোগাযোগ করা যাবে।



১৪-৯-২০২৩

মনোয়ারা বেগম

উপপরিচালক

প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য পত্র প্রাপক

ফোন: ০২৩৩৩৩৫৯৬৯১

ইমেইল: [ddrpatcctg@gmail.com](mailto:ddrpatcctg@gmail.com)